

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩

স্মারক নং-খুপ্রবি/ ২৪৭২


তারিখ: ২৭/৩/১৬

শোক বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ২৫/০৩/২০১৬ ইং তারিখ রবিবার ময়মনসিংহের ভালুকায় ভাড়া কৃত অস্থায়ী বাসায় ঘুমন্ত অবস্থায় একটি বিস্ফোরণজনিত দুর্ঘটনায় অত্র বিশ্ববিদ্যালয়ের টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগের ইন্ডাস্ট্রিয়াল এ্যাটাচমেন্টের ৪র্থ বর্ষের শিক্ষার্থী Md Towhidul Islam (রোল নং-1321050) ঘটনাস্থলেই নিহত হয় এবং একই সাথে Md Shahin Mia (রোল নং-1321004), Hafizur Rahman (রোল নং-1321045) ও Dipto Sarkar (রোল নং-1321055) গুরুতরভাবে দগ্ধ হয়ে মুমূর্ষু অবস্থায় ঢাকা মেডিকেল হাসপাতালের বার্ণ ইউনিটে চিকিৎসাধীন রয়েছে। আমরা বিশ্ববিদ্যালয় পরিবার এ ঘটনায় শোকাহত এবং তাদের পরিবার ও সহপাঠীদেরকে সমবেদনা জানাচ্ছি।

উল্লেখ্য যে, তারা স্নাতক কোর্স সম্পন্নের চূড়ান্ত অংশ হিসেবে টেক্সটাইল কোম্পানিতে ইন্ডাস্ট্রিয়াল এ্যাটাচমেন্টের জন্য ময়মনসিংহের ভালুকায় উক্ত কোম্পানির পার্শ্ববর্তি এলাকায় (মাস্টারবাড়ি) আরএস টাওয়ার নামে একটি বাড়িতে ১০ মার্চ ২০১৬ ইং তারিখ থেকে ভাড়া নিয়ে অস্থায়ীভাবে অবস্থান করছিল।


ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে এ বিজ্ঞপ্তি প্রচার করা হলো।


(জি. এম. শহিদুল আলম)
রেজিস্ট্রার

স্মারক নং-খুপ্রবি/ ~~মওপ্র/ ২৪৭২/১০~~ তারিখ: ২৭/৩/১৬

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো:

- ১। সকল ডীন/ইনস্টিটিউট পরিচালক/বিভাগীয় প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়। (বিজ্ঞপ্তিটি তাঁর অধীনে সকল শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীগণের মধ্যে প্রচারের অনুরোধসহ)
- ২। পরিচালক (ছাত্র কল্যাণ), অত্র বিশ্ববিদ্যালয়।
- ৩। সকল পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৪। সকল হল প্রভোস্ট, অত্র বিশ্ববিদ্যালয়। (বিজ্ঞপ্তিটি সকল শিক্ষার্থীদের মধ্যে প্রচারের অনুরোধসহ)
- ৫। সকল দপ্তর/শাখা প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়। (বিজ্ঞপ্তিটি তাঁর অধীনে সকল কর্মকর্তা/কর্মচারীগণের মধ্যে প্রচারের অনুরোধসহ)
- ৬। সহকারী রেজিস্ট্রার (ডেসপাস, রিসিভিং এন্ড রেকর্ড সেকশন), অত্র বিশ্ববিদ্যালয়। (ই-মেইলের মাধ্যমেও প্রেরণের অনুরোধসহ)
- ৭। পিএস টু ভিসি, অত্র বিশ্ববিদ্যালয়। (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের গোচরে আনার অনুরোধসহ)
- ৮। জনসংযোগ ও তথ্য শাখা, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৯। সকল নোটিশ বোর্ড, অত্র বিশ্ববিদ্যালয়।
- ১০। সংরক্ষণ নথি।


(মো: আশুর রহমান)
সহকারী রেজিস্ট্রার।